# ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

## প্রতিযোগিতা নির্দেশিকা

### বিষয়ঃ ভিডিও বার্তা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য **"উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

শিশু, কিশোর- কিশোরী এবং তরুণ-তরুণীদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'ভিডিও বার্তা' সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। ০৬ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'ভিডিও বার্তা প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'ভিডিও বার্তা প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

**বয়স গ্রুপঃ**

| গ্রুপ ক | গ্রুপ খ | গ্রুপ গ |
|---|---|---|
| ৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**বর্ণনাঃ**

অংশগ্রহণকারীরা বিষয়ের উপর ভিত্তি করে একটি ভিডিও তৈরি করবে। এটি শিক্ষামূলক এবং বিনোদনমূলক হতে হবে। ভিডিওতে নানা উপাদান থাকতে হবে। অংশগ্রহণকারীরা ভিডিওর উদ্দেশ্য ব্যাখ্যা করবে এবং ভিডিও প্রকাশের জন্য তার সম্মতি নিশ্চিত করবে।

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব** (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।
**গ্রুপ কঃ** সকালের নাশতার গুরুত্ব ও উপকারিতা
**গ্রুপ খঃ** সুস্বাস্থ্যের জন্য পুষ্টি ও মানসিক সুস্থতা
**গ্রুপ গঃ** সাশ্রয়ী পুষ্টি: বেশি খরচ ছাড়াই স্বাস্থ্যকর খাদ্য গ্রহণ

**যোগ্যতাঃ**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে রেজিস্ট্রেশন ফর্মটি পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় ' ভিডিও বার্তা কম্পিটিশন' নির্বাচন করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা এককভাবে বা দলগতভাবে (সর্বোচ্চ ৩ জন) অংশগ্রহণ করতে পারবেন।
- বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীরাও দলগতভাবে অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের নুন্যতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)

**রেজিস্ট্রেশনঃ**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্দিষ্ট ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) দেওয়া রেজিস্ট্রেশন লিঙ্কে ক্লিক করে ‘ভিডিও বার্তা কম্পিটিশন’ নির্বাচন করুন।

**রেজিস্ট্রেশনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**জমা দেওয়ার শেষ তারিখ:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (ঢাকা সময় রাত ১১টা)

**ভিডিও বার্তা প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনা**

**১. প্রতিযোগীর তথ্য:** নাম, বয়স, পদবী, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেইল।

**২. ভাষা:** বাংলা বা ইংরেজি।

**৩. ভিডিও কাঠামো:**

- ভিডিওর দৈর্ঘ্য: ২ মিনিট
- ফরম্যাট: MP4 (মোবাইল ফোন ফরম্যাট)

| সময় | বিষয়বস্তু |
|---|---|
| ১০ সেকেন্ড | নিজের পরিচয় দিন (নাম, বয়স, শ্রেণি, অবস্থান) |
| ২০ সেকেন্ড | ভিডিওটির বিষয়বস্তু সম্পর্কে ব্যাখ্যা দিন |
| ১.৩০ মিনিট | অন্যান্য বিবৃতি |

**৪. ভিডিও বার্তা তৈরির নির্দেশিকা:**

- অংশগ্রহণকারীরা প্রতিযোগিতার বিষয়বস্তুর উপর তাদের নিজস্ব বা অন্য কারো ভিডিও বার্তা তৈরি করে জমা দেবেন।
- ভিডিও ক্লিপটি নাম, বয়স, প্রতিষ্ঠান, পদবী এবং পেশা দিয়ে শুরু হতে হবে।
- কোনো এডিটিং প্রয়োজন নেই।

**৫. জমা দেওয়া এবং নির্বাচন প্রক্রিয়া:**

অংশগ্রহণকারীরা জমা দেওয়ার সময়সীমার মধ্যে তাদের ভিডিও বার্তা (সর্বোচ্চ ১০ মেগাবাইট) তৈরি করবে। ভিডিও বার্তা ইমেইলের মাধ্যমে দলের নাম বা অংশগ্রহণকারীর নাম, বয়স, প্রতিষ্ঠানের নাম উল্লেখ করে জমা দিতে হবে। অংশগ্রহণকারীরা নিবন্ধনের সময়ও ভিডিও জমা দিতে পারবেন।

**প্রাথমিক নির্বাচন:**

- প্রাথমিক নির্বাচনের জন্য শীর্ষ ১৫ টি ভিডিও নির্বাচন করা হবে।

**চূড়ান্ত নির্বাচন:**

- শীর্ষ ১৫ টি ভিডিও/অংশগ্রহণকারীকে INO ২০২৬-এ আমন্ত্রণ জানানো হবে এবং নির্বাচিত ভিডিও বার্তা প্রদর্শিত হবে।
- জুরি প্রতিটি গ্রুপ থেকে সেরা ৩টি ভিডিওকে বিজয়ী হিসেবে নির্বাচন করবেন।

**স্কোর:**

| ক্রম | বিষয় | নাম্বার |
|---|---|---|
| ০১ | মূল বিষয়টি উপস্থাপন করা | ৩০ |
| ০২ | ভাষার স্পষ্টতা | ২০ |
| ০৩ | ভিডিওর কাঠামো | ৪০ |
| ০৪ | নিয়ম অনুসরণ করা | ১০ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- কার্যক্রম অবশ্যই প্রতিযোগীদের নিজস্ব এবং মৌলিক হতে হবে, তবে পরামর্শকদের সহায়তা গ্রহণ করা যেতে পারে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোনো ধরনের অনৈতিক আচরণ করলে তাৎক্ষণিকভাবে অযোগ্য ঘোষণা করা হবে।
- ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ীদের ঘোষণা করা হবে।

**যোগাযোগ:**

- ভিডিও বার্তা প্রতিযোগিতা সম্পর্কে আপনার কোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন: ফোন: +৮৮০২৮৭১৪১৬৯, +৮৮০১৭৮২৫১০০৮৯ ইমেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।**